



# বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল

২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী

পুরাতন ৮৬ বিজয়নগর ঢাকা-১০০০।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলে নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োগ করা হইবে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত শর্ত অনুসরণ করে দরখাস্ত করতে হবে।

ক্রমিক নং	পদের নাম, গ্রেড ও জাতীয় বেতন স্কেল	পদ সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	রেজিস্ট্রার জাতীয় বেতন স্কেল, গ্রেড-৩ ৫৬৫০০-৫৮৭৬০-৭৪৪০০	০১	বয়স অনূর্ধ্ব ৫০ বছর	ক. শিক্ষাগত যোগ্যতা : বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত ন্যূনপক্ষে এমবিবিএস ডিগ্রী। স্নাতকোত্তর ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেয়া হবে। খ. অভিজ্ঞতা : সরকারি/স্বায়ত্বশাসিত /আধা সরকারি সমমানের প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সহ গ্রেড ৯-৩ কর্মকর্তা হিসাবে ১৯ (উনিশ) বছর চাকরির অভিজ্ঞতা, যার মধ্যে গ্রেড-৪ পদে ন্যূনপক্ষে ০৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। অথবা অতিরিক্ত রেজিস্ট্রার/সমমান ও উপ-রেজিস্ট্রার /সমমান উভয় পদে একত্রে ন্যূনপক্ষে ০৯ (নয়) বছর চাকরির অভিজ্ঞতা, যার মধ্যে অতিরিক্ত রেজিস্ট্রার সমমান পদে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। গ. বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সের শর্ত শিথিল যোগ্য।
২.	সহকারী রেজিস্ট্রার (মেডিকেল) জাতীয় বেতন স্কেল, গ্রেড-৭ ২৯০০০-৩০৪৫০-৬৩৪১০	০১	অনূর্ধ্ব ৩৫ বছর	ক. শিক্ষাগত যোগ্যতা : বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত ন্যূনপক্ষে এমবিবিএস ডিগ্রী। স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। খ. অভিজ্ঞতা : সরকারি/স্বায়ত্বশাসিত /আধা সরকারি সমমানের প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে দুই (০২) বছরের অভিজ্ঞতা সহ গ্রেড ৯-৭ কর্মকর্তা হিসাবে ন্যূনপক্ষে ৪ (চার) বছর চাকরির অভিজ্ঞতা। গ. কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। ঘ. বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সের শর্ত শিথিলযোগ্য।

### \*\* শর্তাবলী :

- ০৮.০৯.২০২২ ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী (৮৬ বিজয় নগর), ঢাকা ১০০০ বরাবর আবেদন করতে হবে।
- উভয় ক্ষেত্রে ১০০০/- (এক হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূল কপি বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এর অনুকূলে দরখাস্তের সাথে যুক্ত করতে হবে।
- মুক্তিযোদ্ধা ও তার সন্তান-সন্তাতিদের জন্য প্রযোজ্য ক্ষেত্রে কোটা সংরক্ষণ থাকবে।
- আবেদন পত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি, চারিত্রিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং ০২ (দুই) কপি পি পি সাইজের ছবি, সত্যায়িত সহ সংযুক্ত করতে হবে।
- আবেদন পত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ডা: মোঃ লিয়াকত হোসেন

ডেপুটি রেজিস্ট্রার

বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল